
দৈনিক
জনকণ্ঠ

তারিখ 10 JAN 2007
পৃষ্ঠা ৩ কলাম ২



*ভিকারুননিসা নূন স্কুলে প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা শেষে মায়ের কোলে ফিরে আসা এক শিশু* —জনকণ্ঠ

# অবরোধের মধ্যেই হলো ভিকারুননিসার ভর্তি পরীক্ষা ॥ পরীক্ষার্থী ও অভিভাবকদের দুর্ভোগ

**স্টাফ রিপোর্টার ॥** অবরোধের মুখেও মঙ্গলবার অনুষ্ঠিত হলো রাজধানীর ভিকারুননিসা নূন স্কুলের প্রথম শ্রেণীর মূল দিবা শাখার ভর্তি পরীক্ষা। অনেকটা যুদ্ধের মতো— একটি আসন জয় করতে শত কষ্ট করেও পরীক্ষা দিতে আসে ক্ষুদে ভর্তি যোদ্ধারা। অবরোধের মধ্যে পরীক্ষা হওয়ায় বেশ দুর্ভোগ পোহাতে হয়েছে তাদের। যদিও পরীক্ষা অবরোধের আওতামুক্ত ছিল, তারপরও দুর্ভোগ পোহাতে হয়েছে রাস্তায় অভিভাবকদের। তাঁদের অনেকেই বলেছেন, অবরোধের পর পরীক্ষা নিলেই ভাল হতো। ৬ বছরের ছোট বোন ৬ বছ'রের জান্নাতুল ফেরদৌসকে নিয়ে সিদ্ধিরগঞ্জের চিটাগাং রোড এলাকা থেকে এসেছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র মাসুম বিল্লাহ। তিনি জানালেন, সকাল ৭টায় কনকনে ঠাণ্ডায় ছোট বোনকে নিয়ে বের হয়ে রিক্সায় করে যাত্রাবাড়ীতে আসি। এর পর কয়েক গুণ বেশি ভাড়া দিয়ে সিএনজি করে এখানে এসেছি। ছোট বোনটা কষ্ট পেয়েছে ঠাণ্ডা আর যাতায়াতের কারণে। সে অসুস্থ হয়ে পড়তে পারে। অবরোধের দিন পরীক্ষা নেয়া ঠিক হয়নি।

বাসাবো থেকে ভাগ্নি রিচি দেবনাথকে নিয়ে আসা সুমন জানালেন, বাসা থেকে বের হয়ে রিক্সা না পাওয়ায় তাঁদের এখানে আসতে অনেক কষ্ট হয়েছে।

সময়মতো সন্তানকে নিয়ে পরীক্ষাস্থলে পৌঁছতে না পারা নাম প্রকাশে অনিচ্ছুক ক্ষুব্ধ এক অভিভাবক জানান, অবরোধের দিনে পরীক্ষা নেয়ায় আমার মেধাবী কন্যা ভর্তি পরীক্ষাতেই শামিল হতে পারল না। অথচ এখানে ভর্তি হওয়ার মতো সব যোগ্যতাই তার ছিল।

আজ বুধবার এই স্কুলের ধানমণ্ডি ও বসুন্ধরা শাখার প্রভাতী ও দিবা শাখার প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বৃহস্পতিবার হবে আজিমপুর শাখার পরীক্ষা। শুক্রবার হবে মূল প্রভাতী শাখার পরীক্ষা। মোট ৫টি শাখায় ভর্তির ফরম নিয়েছে ১১ হাজার ৮০০ ছাত্রী।